

## প্রেস বিজ্ঞপ্তি

### জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের বাজার তদারকিঃ বিভিন্ন অপরাধে ৩২টি প্রতিষ্ঠানকে ২.৩৩ লক্ষ টাকা জরিমানা

১ সেপ্টেম্বর ২০১৬

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঢাকা বিভাগীয় কার্যালয় ও বিভিন্ন জেলা কার্যালয়ের ১১ জন কর্মকর্তার নেতৃত্বে ঢাকা মহানগর, চট্টগ্রাম, ঠাকুরগাঁও, মাদারীপুর, বগুড়া, পাবনা, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা ও খুলনায় আজ বাজার তদারকি করা হয়।

ঢাকা বিভাগীয় কার্যালয়ের সহকারী পরিচালক রজবী নাহার রজনীর নেতৃত্বে ঢাকা মহানগরীর কাফরুল এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরীর অপরাধ কাদের হোটেল এন্ড রেস্তুরেন্টকে ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা এবং পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকার অপরাধে আলী বাবা সুইটসকে ৭,০০০/- (সাত হাজার) টাকাসহ মোট ৫৭,০০০/- (সাতাত্ত্ব হাজার) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়।

চট্টগ্রামের জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জয়াস চাকমার নেতৃত্বে চট্টগ্রামের ডাবলমুরিং এলাকায় ৪টি প্রতিষ্ঠানকে ৮০,০০০/- (আশি হাজার) টাকা, ঠাকুরগাঁও জেলা কার্যালয়ের সহকারী পরিচালক হাসান আল মারুফের নেতৃত্বে ঠাকুরগাঁও এর রানীশংকৈল উপজেলায় ৪টি প্রতিষ্ঠানকে ১৭,০০০/- (সতের হাজার) টাকা, মাদারীপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জান্নাতুল ফেরদাউসের নেতৃত্বে মাদারীপুরের কালকিনি উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৪,০০০/- (চার হাজার) টাকা, বগুড়া জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ শরীফুল ইসলামের নেতৃত্বে বগুড়ার খুন্ট উপজেলায় ১টি প্রতিষ্ঠানকে ৩,০০০/- (তিন হাজার) টাকা, পাবনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক এ এস এম মাসুম-উদ দৌল্যার নেতৃত্বে পাবনার আটঘরিয়া উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ৭,১০০/- (সাত হাজার একশত) টাকা, টাঙ্গাইল জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মাগফুর রহমানের নেতৃত্বে টাঙ্গাইলের শখিপুর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৬,০০০/- (ছয় হাজার) টাকা, কিশোরগঞ্জ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবানন্দ সিনহার নেতৃত্বে কিশোরগঞ্জ সদর উপজেলায় ৩টি প্রতিষ্ঠানকে ৯,০০০/- (নয় হাজার) টাকা, চাঁদপুর জেলা কার্যালয়ের সহকারী পরিচালক দেবশীষ রায়ের নেতৃত্বে চাঁদপুরের মতলব উত্তর উপজেলায় ৫টি প্রতিষ্ঠানকে ১৭,৫০০/- (সতের হাজার পাঁচশত) টাকা, কুমিল্লা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক মোঃ আছাদুল ইসলামের নেতৃত্বে কুমিল্লার আদর্শ সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা এবং খুলনা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক শিকদার শাহীনের আলমের নেতৃত্বে খুলনা সদর উপজেলায় ২টি প্রতিষ্ঠানকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকাসহ মোট ১,৭৬,১০০/- (এক লক্ষ ছিয়াত্ত্ব হাজার একশত) টাকা অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য তৈরী, পণ্যের মোড়কে এমআরপি লেখা না থাকা, মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, পণ্যের মূল্য তালিকা প্রদর্শন না করা, সেবার মূল্যের তালিকা, সংরক্ষণ ও প্রদর্শন না করা, অবহেলা ইত্যাদি দ্বারা সেবা গ্রহীতার অর্থ, স্বাস্থ্য, জীবনহানি ইত্যাদি ঘটানো, খাদ্য পণ্যে নিষিদ্ধ দ্রব্যের মিশ্রণ, ওজনে কারচুপির অপরাধে জরিমানা আরোপ ও আদায় করা হয়।

আজকের ১১টি বাজার তদারকির মাধ্যমে ৩২টি প্রতিষ্ঠানকে মোট ২,৩৩,১০০/- (দুই লক্ষ তত্রিশ হাজার একশত) টাকা জরিমানা আরোপ ও আদায় করা হয়। তদারকিকালে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট জেলা প্রশাসন, আর্মড পুলিশ ব্যাটালিয়ান ও জেলা পুলিশ, বাজার কর্মকর্তা, স্যানিটারী ইন্সপেক্টর, সিভিল সার্জন, পরিবেশ অধিদপ্তরের প্রতিনিধি, মৎস্য কর্মকর্তা এবং ক্যাব এসব তদারকি কার্যে সহায়তা প্রদান করে।

(ফাহমিনা আক্তার)  
সহকারী পরিচালক

#### অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মহাপরিচালক, র্যাভ/বিটিভি/বাংলাদেশ বেতার/কৃষি বিপণন অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর, ঢাকা।
- ২। প্রধান তথ্য কর্মকর্তা, পিআইডি/প্রধান বার্তা সম্পাদক, বাসস, ঢাকা।
- ৩। পুলিশ কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, রংপুর ও বরিশাল মহানগর।
- ৪। যুগ্ম সচিব (আইআইটি), বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। পরিচালক (নিউজ), বাংলাদেশ বেতার আগারগাঁও, ঢাকা।
- ৬। জেলা প্রশাসক, ঢাকা, চট্টগ্রাম, ঠাকুরগাঁও, মাদারীপুর, বগুড়া, পাবনা, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা ও খুলনা।
- ৭। পুলিশ সুপার, ঢাকা, চট্টগ্রাম, ঠাকুরগাঁও, মাদারীপুর, বগুড়া, পাবনা, টাঙ্গাইল, কিশোরগঞ্জ, চাঁদপুর, কুমিল্লা ও খুলনা।
- ৮। সিনিয়র সচিবের একান্ত সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯। জনসংযোগ কর্মকর্তা, বাণিজ্য মন্ত্রণালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ১০। অধিনায়ক ১, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।
- ১১। অধিনায়ক ৫, আর্মড পুলিশ ব্যাটালিয়ান, উত্তরা, ঢাকা।

১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।